যুগান্তর

তারিখ ... 24 MAR 2017
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

# ২৫ মার্চ গণহত্যা দিবস পালনে সব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে ২৫ মার্চে গণহত্যা দিবস পালনের নির্দেশ দেয়া হয়েছে। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে এ নির্দেশনা জারি করা হয়। এতে মন্ত্রিপরিষদ বিভাগ এবং মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের পরিপত্র ও চিঠির কথা উল্লেখ করা হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রে বলা হয়, সরকার বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনের ক্ষেত্রে 'ক' শ্রেণীভুক্ত দিবস হিসেবে ২৫ মার্চকে গণহত্যা দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে।

আর মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়, ১৯৭১ সালের ২৫ মার্চ বাঙালি জাতির জীবনে এক ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের দিন। সেই কালরাতে পাকিস্তানি সেনাবাহিনী কাপুরুষের মতো রাতের অন্ধকারে ঝাঁপিয়ে পড়েছিল ঘুমন্ত বাঙালির ওপর। এ দিবসটিকে গণহত্যা দিবস হিসেবে উদযাপনের জন্য ইতিমধ্যে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। আগামী ২৫ মার্চ সকাল সাড়ে ১০টায় সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ সংলগ্ন স্থানে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান জার্নির সহযোগিতায় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় দুর্লভ আলোকচিত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করেছে। নতুন প্রজন্মকে গণহত্যার ইতিহাস সম্পর্কে ধারণা দিতে স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওই আলোকচিত্র প্রদর্শনী পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে।

উভয় মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম অগ্রাধিকার হল— ২৫ মার্চ গণহত্যা দিবস পালন করা। এ লক্ষ্যে স্কুল-কলেজ-মাদ্রাসা নিজস্ব ব্যবস্থাপনায় আলোকচিত্র প্রদর্শনীসহ বিভিন্ন কর্মসূচি নেবে। দ্বিতীয় অগ্রাধিকার হল— রাজধানীতে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের আলোকচিত্র প্রদর্শনীতে যোগ দেয়া। যাতে ঢাকা ও ঢাকার কাছের শিক্ষাপ্রতিষ্ঠান অংশ নেবে। পারলে প্রত্যন্ত অঞ্চলের প্রতিষ্ঠানও অংশ নেবে।

এদিকে গণহত্যা দিবস পালনের লক্ষ্যে শনিবার সকাল ৯টায় মাউশির সব কর্মকর্তা-কর্মচারীকে শিক্ষাভবনে উপস্থিত থাকতে বলা হয়েছে।

দেশে বর্তমানে লক্ষাধিক প্রাথমিক বিদ্যালয় ও কেজি স্কুল আছে। এছাড়া ৩৮ হাজার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান, ৩২৮টি সরকারি কলেজ ও ৩৩৬টি হাই স্কুল আছে। এছাড়াও আছে ১৩৭টি বিশ্ববিদ্যালয়। এসব প্রতিষ্ঠানে প্রায় সাড়ে ৪ কোটি শিক্ষার্থী লেখাপড়া করছে।